

বাংলাদেশের সংবিধান শিক্ষাকে সকল নাগরিকের মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দিয়েছে এবং অনুচ্ছেদ ১৭ এর মাধ্যমে একই পদ্ধতির গণমুখী ও সার্বজনীন শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠা এবং আইনের দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে নিরক্ষরতা দূর করার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য রাষ্ট্রকে নির্দেশ দিয়েছে।

জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকার পূরণে সরকার এপ্রিল ২০০৫ এ রাজস্ব খাতে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো সৃষ্টি করেছে। এটি জাতীয় পর্যায়ে উপানুষ্ঠানিক শিক্ষা সাব-সেক্টর ব্যবস্থাপনা ও পরিচালনায় অনেক অবদান রাখছে এবং এরফলে সংগঠিত পদ্ধতিতে দেশে সাক্ষরতা বিস্তার ঘটছে। অপরদিকে, উপানুষ্ঠানিক শিক্ষা সাব-সেক্টরকে শক্তিশালী করার লক্ষ্যে সরকার উপানুষ্ঠানিক শিক্ষা আইন ২০১৪ মহান জাতীয় সংসদে পাস করেছে। এ আইনের মূল উদ্দেশ্য হচ্ছে-‘শিক্ষার সুযোগ বঞ্চিত জনগোষ্ঠীকে সাক্ষরজ্ঞানদান, জীবনব্যাপী শিক্ষার সুযোগ সৃষ্টি, কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে জীবিকায়ন, দক্ষ মানবসম্পদে পরিণতকরণ, আত্ম-কর্মসংস্থানের যোগ্যতা সৃষ্টিকরণ এবং বিদ্যালয় বাহির্ভূত ও বারে পড়া শিশুদের শিক্ষার বিকল্প সুযোগ সৃষ্টি’।

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো হচ্ছে উপানুষ্ঠানিক শিক্ষার জন্য জাতীয় পর্যায়ে শীর্ষ প্রতিষ্ঠান। ইহা উপানুষ্ঠানিক শিক্ষা পলিসি ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন এবং সামগ্রিক মানবসম্পদ উন্নয়ন কৌশলের অংশ হিসেবে উপানুষ্ঠানিক শিক্ষাকে অগ্রাধিকার প্রদানে পেশাদার নেতৃত্ব প্রদান করে আসছে। প্রতিটি জেলায় জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো গঠন করা হয়েছে। শরীয়তপুর জেলায় উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয় কালেক্টরেট ভবনে অবস্থিত। এর গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে জাতীয় পর্যায়ে গৃহীত স্বল্প ও দীর্ঘ মেয়াদী উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি জেলায় প্রণয়ন ও বাস্তবায়ন।

The Constitution of Bangladesh recognizes education as a fundamental right of all citizens and directs the state through Article 17 to establish a mass-oriented and universal education system in the same manner and to take effective measures to eradicate illiteracy within the period prescribed by law.

To meet national and international commitments, the government created the Bureau of Non-formal Education in the revenue sector in April 2005. It is contributing a lot in the management and administration of non-formal education sub-sector at the national level and thereby spreading literacy in the country in an organized manner. On the other hand, the government has passed the Non-formal Education Act 2014 in the Bangladesh National Parliament to strengthen the non-formal education sub-sector. The main objective of this Act is to provide literacy to underprivileged people, create lifelong learning opportunities, provide livelihood through technical and vocational training, develop skilled human resources, create self-employment skills and create alternative education opportunities for out-of-school and drop-out children.

The Bureau of Non-Formal Education is the national apex body for non-formal education. It has been providing professional leadership in implementing non-formal education policy framework and prioritizing non-formal education as part of substantive human resource development strategies. District Non-formal Education Bureau has been set up in each district. The office of Bureau of Non-formal Education in Shariatpur District is located in the Collectorate Building. Its important work is formulation and implementation of short and long term non-formal education programs adopted at the national level in the district.